রূপসায় ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান

রূপসা প্রতিনিধিঃ রূপসা উপজেলার কাজদিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান ও জনসচেতনতা মূলক র্যালী গত সোমবার সকাল ১০ টায় অনুষ্ঠিত হয়। র্যালীটি বিদ্যালয় প্রাঙ্গন থেকে শুরু হয়ে উপজেলা সদরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে আবারও বিদ্যালয়ে গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক চাঁদ সুলতানা, শিক্ষক অনুপ মজুলদার, আইয়ুব আলী, মারুফ হোসেন, কাজল ইসলাম, তরুণ কান্তী পাইক, নাসরিন খাতুন, সাইফুল ইসলাম, রুবেল ইসলাম প্রমূখ। এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থীসহ অফিস স্টাফরা অংশগ্রহন করেন। অপরদিকে আলাইপুর কলেজের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান অধ্যক্ষ আল মামুন সরকারের নেতৃত্বে অনুষ্ঠিত হয়।